# বর্ধমান বিশ্ববিদ্যালয়  কর্তৃক প্রদত্ত পরীক্ষা-সংক্রান্ত নির্দেশিকা, 2020

1.সুপ্রিম কোর্টের রায় অনুসারে ও ইউ.জি.সির নির্দেশক্রমে সেমিস্টার 6 (সিবিসিএস )এবং পার্ট 3 (ওল্ড )পরীক্ষাটি হবে ওপেন বুক এক্সাম যেখানে প্রশ্নপত্র বৈদ্যুতিক মাধ্যমে দেওয়া হবে সেটি ডাউনলোড করে ঘরে বসেই পরীক্ষা দিয়ে উত্তরপত্র ও পাঠাতে হবে বৈদ্যুতিন মাধ্যমে।

2.প্রত্যেক পরীক্ষার্থী নিজস্ব মোবাইল এবং ই-মেইল আইডি থাকতে হবে। উত্তরপত্র মেল করতে হবে সেই আইডি অথবা মোবাইল থেকে।

3. ছাত্রীদেরকে নিজের এডমিট কার্ড ডাউনলোড করতে হবে। শুধু মাত্র এডমিট কার্ডে উল্লেখিত কোর্স অথবা পেপার এর পরীক্ষাই সে দিতে পারবে।

4.উত্তরপত্রের প্রথম পাতাটি ইউনিভার্সিটির ওয়েবসাইট অথবা কলেজ ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে হবে। তারপর তার সঙ্গে এ ফোর সাইজের কাগজে উত্তর লিখে ওই প্রথম পাতাটি সংযুক্ত করতে হবে সবার প্রথমে। প্রথমপাতাটির নির্দিষ্ট জায়গায় তার রোল এবং রেজিস্ট্রেশন নাম্বার লিখতে হবে। এবং  সই করতে হবে। প্রথমপাতাটির যথাযথ পূরণ না করলে উত্তরপত্র বাতিল হয়ে যাবে। জে এ ফোর সাইজের পাতাগুলোতে উত্তর লিখবে সেই গুলির প্রত্যেকটির মাথায় বামদিকে নিজের রোল নাম্বার এবং ডানদিকে পেজ নাম্বার অবশ্যই দিতে হবে।

5. এই পরীক্ষায় 1/2 নাম্বারের ছোট প্রশ্ন থাকবে না। 10,5 নাম্বারের প্রশ্ন-থাকবে। পরীক্ষার আধ ঘণ্টা আগে প্রশ্নপত্র ওয়েবসাইট (কলেজ অথবা ইউনিভার্সিটি )দেওয়া হবে। সময় থাকবে অনার্স দের জন্য দুই থেকে তিন ঘন্টার মধ্যে। পাস কোর্সের জন্য দু'ঘন্টা।

6. উত্তরপত্র মেল করতে হবে একটি(01) PDF ফাইল এর মধ্যে।

এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে মেইল করতে হবে।

7. PDF এ  নাম, ইউনিভার্সিটির রোল নাম্বার, থাকবে। Subject Box এ Subject/Course/Paper(যেমন, History/Bengali/English  CC-16/15 ইত্যাদি) লিখতে হবে।

8. যদি কোনোভাবে মেল এ অসুবিধা হয় তাহলে ওই সময়- সীমার মধ্যেই কলেজ চত্বরে এসে খাতা সাবমিট করতে হবে। বাড়তি সময় দেওয়া হবে না।

9. পরীক্ষার প্রথম পাতার নির্দিষ্ট জায়গায় একটি Undertaking/ঘোষণাপত্র দিতে হবে যে, সে পরীক্ষা-সংক্রান্ত নিয়ম যথাযথ মেনেছে এবং  পবিত্রতা রক্ষা করেছে। তারপর নাম সই করতে হবে।

10. বাড়িতে বসে পরীক্ষা হলেও পরীক্ষার্থীরা পরীক্ষা- বিষয়ক বিধি-নিষেধের মধ্যে পড়ে। তাদের সেই ব্যাপারে দায়িত্বসচেতন হতে হবে।

এই নিয়মাবলী কেবলমাত্র এইবছর সেমিস্টার 6 (সিবিসিএস )এবং পার্ট 3 (ওল্ড )পরীক্ষার জন্য প্রযোজ্য।